**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-10-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মহারাষ্ট্রে কিষান সম্মান নিধি যোজনার অষ্টাদশ কিস্তির টাকা প্রদান করেছেন ।**

**(২) প্রধানমন্ত্রী কিষাণ সম্মাননিধি যোজনার ১৮তম কিস্তিতে আজ রাজ্যের কৃষকদের ব্যাঙ্ক একাউন্টে ৪৭ কোটি ৬৮ লক্ষ ৮০ হাজার টাকা ডিজিটাল পদ্ধতিতে হস্তান্তর করা হয়েছে ।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা টিসিএস, টিপিএস গ্রেড টু পরীক্ষায় উত্তীর্ণদের হাতে অফার তুলে দিয়েছেন ।**

**(৪) পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী মেলাঘরের রাজঘাটে একাধিক নতুন পরিকাঠামোর উদ্বোধন করেন ।**

*********************************************

**PM-Kishan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ মহারাষ্ট্রে কিষান সম্মান নিধি যোজনার অষ্টাদশ কিস্তির টাকা প্রদান করেন। এই প্রকল্পে দেশের প্রায় ৯ কোটি ৪০ লক্ষেরও বেশি কৃষককে সরাসরি অর্থ হস্তান্তরের মাধ্যমে কুড়ি হাজার কোটি টাকার সহায়তা দেওয়া হয়েছে বলে তিনি জানান। প্রধানমন্ত্রী বলেন,

##########Byte########

অনুষ্ঠানে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান, মুখ্যমন্ত্রী একনাথ সিন্ধে প্রমুখ উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী মহারাষ্ট্রের ওয়াসিনে কৃষিজ ও প্রাণিসম্পদ ক্ষেত্রে ২৩ হাজার ৩০০ কোটি টাকার বিভিন্ন কর্মসূচিরও সূচনা করেন। এছাড়া, বানজারা সম্প্রদায়ের ঐতিহ্য সম্মিলিত বানজারা বিরাসত মিউজিয়ামের উদ্বোধন করেন তিনি। চারতল বিশিষ্ট এ মিউজিয়ামে তেরোটি গ্যালারি রয়েছে, যেখানে বানজারা সাম্প্রদায়ের নেতা এবং তাদের আন্দোলনের বিভিন্ন ছবি রাখা রয়েছে। অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বানজারা সম্প্রদায়ের উন্নয়নে সরকার গৃহিত বিভিন্ন পদক্ষেপের উল্লেখ করেন। তিনি এই সম্প্রদায়ের সংস্কৃতি ও পরম্পরা জানতে এই মিউজিয়ামটি পরিদর্শন করার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন।

****************************

**PM-Kishan-CM :**

প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি যোজনার ১৮তম কিস্তির টাকা প্রদান উপলক্ষ্যে আগরতলার অরুন্ধুতিনগরস্থিত রাজ্য কৃষি অনুসন্ধান কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, প্রধানমন্ত্রী কিষাণ সম্মাননিধি যোজনার ১৮তম কিস্তিতে আজ রাজ্যের কৃষকদের ব্যাঙ্ক একাউন্টে ৪৭ কোটি ৬৮ লক্ষ ৮০ হাজার টাকা ডিজিটাল পদ্ধতিতে হস্তান্তর করা হয়েছে। এই প্রকল্পের ১৭তম কিস্তি পর্যন্ত রাজ্যের ২ লক্ষ ৬৯ হাজার ৪৯৯ জন কৃষকের একাউন্টে সরাসরি ৭৩৭ কোটি ৪৯ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। প্রকল্পটি কৃষকদের কৃষি উপকরণ কেনার ক্ষেত্রেও সহায়ক বলে মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, রাজ্যে কৃষি ও কৃষকদের উন্নয়নের স্বার্থে সরকার নিরন্তর কাজ করে চলেছে। রাজ্যের প্রায় ১৩ লক্ষ ৮৯ হাজার কৃষক প্রধানমন্ত্রী ফসলবীমা যোজনার আওতায় রয়েছেন। প্রধানমন্ত্রী ফসলবীমা যোজনার মতো মুখ্যমন্ত্রী ফসল বীমা যোজনা

রাজ্যে চালু রয়েছে। রাজ্যের ৩ লক্ষ ৮১ হাজার কৃষক এই যোজনার আওতায় রয়েছেন। মুখ্যমন্ত্রী বলেন,

##########Byte##########

অনুষ্ঠানে বিধায়ক মীনারানী সরকার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, সহকারী সভাধিপতি বিশ্বজিৎ শীল, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সচিব অপূর্ব রায় প্রমুখ উপস্থিত ছিলেন।

*******************************

**Press Meet-BJP :**

প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি যোজনার ১৮তম কিস্তি প্রদান করায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ধন্যবাদ জানিয়েছে বিজেপি প্রদেশ কিষান মোর্চা। আজ আগরতলায় বিজেপি প্রদেশ কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে কিষান মোর্চার প্রদেশ সভাপতি প্রদীপ বরণ রায় বলেন, এই প্রকল্পটির মাধ্যমে সারা দেশের সঙ্গে রাজ্যের কৃষকরাও প্রভূত উপকৃত হচ্ছে।

***************************

**CM-Bishramganj :**

তেলাঙ্গানার রাজ্যপাল যীষ্ণু দেববর্মা ও রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জ দ্বাদশ শ্রেণী বিদ্যাজ্যোতি বিদ্যালয়ের নুতন দ্বিতল ভবনের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল শ্রী দেববর্মা এই বিদ্যালয়ের পড়ুয়াদের প্রতি আবেদন রাখেন তারা যেন আগামী দিনে ভালো ফলাফল করে সমাজের বিভিন্ন ক্ষেত্রে সুনামের সাথে প্রতিষ্ঠা লাভ করে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ছেলে-মেয়েদের পড়াশোনার মানোন্নয়নে ও প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির সুবিধার্থে রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প চালু রয়েছে। "সুপার থাইরটি" প্রকল্পে সাফল্যও আসছে।

****************************

**Haryana :**

হরিয়ানা বিধানসভা নির্বাচনের ভোট গ্রহণ আজ সন্ধ্যায় শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। মোট ১ হাজার ৩১ জন প্রার্থীর ভাগ্য আজ নির্ধারিত হয়। আগামী ৮ই অক্টোবর ভোট গণনা করা হবে।

******************************

**AMC :**

শারদীয়া দুর্গা উৎসবের দিনগুলোতে দর্শনার্থীরা যাতে নির্বিঘ্নে প্রতিমা দর্শন ও পুজো উপভোগ করতে পারেন তার জন্য প্রয়োজনীয় সব ধরনের উদ্যোগ নিয়েছে আগরতলা পুর নিগম। মেয়র দীপক মজুমদার আজ আগরতলায় সাংবাদিকদের একথা জানান। তিনি বলেন আজ নিগমের বৈঠকে পুজো উপলক্ষ্যে শহরকে সাজিয়ে তোলা, আলোকসজ্জা, পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, প্রতিমা নিরঞ্জন ঘাট সংস্কার ইত্যাদি বিষয়ে কাজের অগ্রগতি বিস্তারিত পর্যালোচনা করা হয়। তিনি জানান, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নবকলেবরে সাজিয়ে তোলার দশমীঘাট আগামী ৭ই অক্টোবর আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন।

********************************

**Co-ordination Meeting :**

সরকারী বিভিন্ন দপ্তরগুলির মধ্যে সমন্বয়সাধন ও প্রশাসনিক কাজে গতি বাড়াতে আজ এক প্রশাসনিক বৈঠক কৈলাশহর সার্কিট হাউসে অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। বৈঠকে M.G.N.R.E.G.A, প্রধানমন্ত্রী আবাস যোজনা, সাংসদ এলাকা উন্নয়ন তহবিল, বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প সহ বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা ও মতবিনিময় করা হয়। জেলা শাসক দিলীপ কুমার চাকমা জানান, জনস্বার্থে

গৃহীত সরকারি কাজে আরো গতি সঞ্চার ও দপ্তরগুলির মধ্যে আন্তঃসম্পর্ক নিবিড় করার লক্ষ্যে এই বৈঠকের আয়োজন।

******************************

**Workshop :**

ত্রিপুরা কমিশন ফর প্রটেকশন অফ চাইল্ড রাইট এর উদ্যোগে আজ আগরতলার প্রজ্ঞা ভবনে শিশুদের এইচ আই ভি এবং এইডস থেকে প্রতিরোধ শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভার উদ্বোধন করেন টি সি পি সি আর এর চেয়ারপারসন জয়ন্তী দেববর্মা। শ্রীমতি দেববর্মা রাজ্যের শিশুদের এইচ আইভি এবং এইডস থেকে কি ভাবে রক্ষা করা যায় এনিয়ে বিস্তারিত তথ্য তুলে ধরেন।

***************************

**Vice President :**

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় বলেছেন, উত্তর-পূর্বাঞ্চল হচ্ছে ভারতের হৃদয় ও আত্মা। আজ নতুন দিল্লিতে এক বেসরকারী অনুষ্ঠানে শ্রী ধনখড় জোর দিয়ে বলেন, উত্তর-পূর্বাঞ্চল শুধুমাত্র ভৌগলিক ক্ষেত্র নয়, এই অঞ্চল ভারতীয় সংস্কৃতি, ঐতিহ্য ও প্রাকৃতিক সৌন্দর্য্যের এক উজ্জ্বল দৃষ্টান্ত। এই অঞ্চলের পর্যটন ও উন্নয়নের বিপুল সম্ভাবনাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

*******************************

**CM-Offer Distribution programme :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলায় মুক্ত ধারায় টিসিএস, টিপিএস গ্রেড টু পরীক্ষায় উত্তীর্ণ ১১ জনের হাতে অফার তুলে দিয়েছেন। টিপিএস, টিসিএস গ্রেড টু পরীক্ষায় মোট ৪০ জন উত্তীর্ণ হয়েছেন। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী শ্রী সাহা ভাষণে বলেন, ২০১৮ সালে বিজেপি জোট

সরকার প্রতিষ্ঠা হওয়ার পর থেকে সরকার স্বচ্ছ নিয়োগ নীতির মাধ্যমে চাকরিতে নিয়োগ করছে। ২০১৮-১৯ থেকে ২০২৩-২৪ অর্থ বছর পর্যন্ত ৬৮০২ জন শিক্ষক শিক্ষিকা ও ৮৮ জন স্পেশাল এডুকেটর নিয়োগ করা হয়েছে। তিনি জানান, বর্তমানে পুলিশে ছয় হাজার স্পেশাল এগজিকিউটিভ নিয়োগের প্রক্রিয়া চলছে।

*************************

**CPIM :**

রাজ্য বামফ্রন্ট কমিটির পক্ষ থেকে আজ আগরতলায় বিক্ষোভ মিছিল ও সভার আয়োজন করা হয়। সিপিআই(এম) পশ্চিম ত্রিপুরা জেলা কার্যালয় থেকে শুরু হয়ে মিছিলটি শহরের বিভিন্ন পথ পরিক্রমার পর ওরিয়েন্ট চৌমুহনীতে সভার আয়োজন করা হয়। বাংলাদেশে সংখ্যালঘুদের উপর আক্রমনের ঘটনা উল্লেখ করে এই সভায় প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার উদ্বেগ প্রকাশ করেন। তিনি বাংলাদেশের তত্ত্বাবধায়ক সরকারের বিভিন্ন সিদ্ধান্তের সমালোচনা করেন। সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রাক্তন মন্ত্রী মানিক দে, বামফ্রন্টের আহবায়ক নারায়ন কর।

*************************

**Congress Deputation-Udaipur :**

বাগমা ব্লক কংগ্রেস ও আর কে পুর ব্লক কংগ্রেসের যৌথ উদ্যোগে ৮ দফা দাবিতে আজ টেপানিয়া ব্লকের বিডিও এর কাছে ডেপুটেশন প্রদান করা হয়। উল্লেখযোগ্য দাবিগুলির মধ্যে ছিল বিরোধী দলের কর্মীদের রেগার কাজ থেকে বঞ্চনা বন্ধ করা, বন্যায় বিপন্ন মানুষের আর্থিক ক্ষতিপূরনে দলবাজি বন্ধ করা, বন্যায় ক্ষতিগ্রস্ত গ্রামীণ এলাকার রাস্তাঘাট দ্রুত মেরামত ও বিভিন্ন পঞ্চায়েতে রেগার শ্রমিকের বকেয়া মুজরি দ্রুত প্রদান করা। ডেপুটেশনে নেতৃত্ব দেন উদয়পুর জেলা কংগ্রেস সভাপতি টিটন

পাল, ব্লক কংগ্রেস সভাপতি রনজিৎ দেবনাথ, জেলা কংগ্রেস সম্পাদক সম্পাদক উওম পাল প্রমুখ।

*****************************

**CPIM-South :**

সিপিআইএম-এর উদ্যোগে আজ বিলোনিয়া শহরেও এক বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়৷ মিছিলে উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, প্রাক্তন বিধায়ক বাসুদেব মজুমদার, সুধন দাস, সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত প্রমুখ।

*****************************

**Tourism Minister-Melaghar :**

নীরমহলে আসা পর্যটকদের সুবিধার্থে আজ পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরীর হাত ধরে মেলাঘরের রুদ্রসাগরের রাজঘাটে উদ্বোধন হয়েছে একাধিক নতুন পরিকাঠামোর। এতে রয়েছে পর্যটক শেড, নুতন টিকিট কাউন্টার, পার্কিং মার্ট, ওয়াচ টাওয়ার ইত্যাদি। এরজন্য ব্যয় হয়েছে ৪ কোটি টাকা। অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী বলেন বেকারদের বিকল্প কর্মসংস্থানের কথা মাথায় রেখে রাজ্যের পর্যটন কেন্দ্র গুলিকে ঢেলে সাজানোর কাজ চলছে। নীরমহলের আরো উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ৭৫ কোটি টাকার প্রকল্প পাঠানো হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক কিশোর বর্মন, পর্যটন সচিব ইউ.কে চাকমা, মেলাঘর পুর পরিষদের চেয়ারম্যান অনামিকা ঘোষ পাল রায় প্রমুখ।

****************************

**Amra Bangali :**

বাংলা ভাষার উন্নয়নে পর্যাপ্ত আর্থিক বরাদ্দ ও ভাষা গবেষণা কেন্দ্র স্থাপন, অফিস আদালতে সরকারি কাজে বাংলা ভাষার ব্যবহার সহ আট দফা দাবি জানিয়েছে আমরা বাঙালি রাজ্য কমিটি। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে সংগঠনের সচিব

গৌরাঙ্গ রুদ্রপাল বিভিন্ন দাবিগুলি তুলে ধরে বলেন বাংলা সহ ঘোষিত ভাষাগুলি দ্রৌপদী ভাষা হিসাবে স্বীকৃতি প্রদান করাই শেষ কথা নয়। সংশ্লিষ্ট ভাষা গুলি যাতে প্রচার প্রসার ও ধারাবাহিক উন্নতি বজায় থাকে তার জন্য কেন্দ্রীয় সরকারকে কার্যকরী পদক্ষেপ নিতে হবে।

*****************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Weather :**

পুজোর মুখে বঙ্গোপসাগরে একটি নতুন নিম্নচাপ তৈরি হয়েছে। তা আজ রাত থেকে ক্রমশ শক্তিশালী হয়ে উঠবে। এই নিম্নচাপের প্রভাবে আজ থেকেই রাজ্যের বিভিন্ন স্থানে বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাত শুরু হয়ে গেছে।

আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের পশ্চিম, দক্ষিণ, গোমতী, সিপাহীজলা এবং খোয়াই জেলার দু এক জায়গায় ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা

রয়েছে। আজ সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ২৮ দশমিক চার মিলিমিটার।

**************************